রাজশাহী বোর্ড-২০১৬

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সৃজনশীল প্রশ্ন

সময়- ২ ঘণ্টা ১০ মিনিট — পূর্ণমান- ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে তিনটি এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

ক বিভাগ: ব্যাংকিং

১.▶ A ব্যাংক ও B ব্যাংক লি. বাংলাদেশের অন্যতম দুটি ব্যাংক। A ব্যাংক লি. দেশে- বিদেশে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। অন্যদিকে B ব্যাংক একটি অফিসের মাধ্যমে সকল কার্যক্রম দেশেই পরিচালনা করে। উভয় ব্যাংকই স্ব- উদ্দেশ্য অর্জনে সফলতা লাভ করছে।

ক. গারনিশি আদেশ কী? ১

খ. ব্যাসেল-২ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের B ব্যাংক সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ব্যাংক দুটির মধ্যে কোন ব্যাংকটি দেশের অর্থনৈতিক উন্নয়নে অধিকতর ভূমিকা পালন করছে বলে তুমি মনে করো? ব্যাখ্যা করো। ৪

২.▶ বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক অর্থবাজারের ঋণপ্রবাহ নিয়ন্ত্রণ করতে চায়। তাই ব্যাংকটি আর্থিক বাজার থেকে পূর্বের তুলনায় অধিক পরিমাণে বেসরকারি বন্ড, সিকিউরিটিজ এবং বিভিন্ন দলিলপত্র ক্রয় করার সিদ্ধান্ত নেয়। এতে ঋণপ্রবাহ নিয়ন্ত্রণে সফলতা লাভ করে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন সংখ্যাত্মক পদ্ধতি গ্রহণ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ঋণ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংকের সিদ্ধান্তের যৌক্তিকতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩.▶ জনাব জোহরা একটি কলেজে অধ্যাপনা করেন। তিনি বেতন হতে কিছু পরিমাণ অর্থ মাঝে মাঝে তার ব্যাংক হিসাবে জমা করেন। কয়েক বছর পর তিনি ব্যাংক হিসাবে জমানো টাকাগুলো একত্রে অন্য একটি ব্যাংক হিসাবে আরও লাভজনক খাতে দীর্ঘমেয়াদের ভিত্তিতে রাখা যায় কিনা তা ভাবলেন।

সে মোতাবেক তিনি ব্যাংকের সাথে যোগাযোগ করে একটি অধিক লাভজনক ব্যাংক হিসাবে জমা রাখার পরামর্শ পেয়েছেন।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১

খ. চলতি হিসাবের বিপরীতে ব্যাংক সুদ প্রদান করে না কেন? ২

গ. উদ্দীপকে মিসেস জোহরা প্রথম কোন ধরনের ব্যাংক হিসাব খুলেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মিসেস জোহরার ২য় পর্যায়ে হিসাব খোলার সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৪.▶ সফল ব্যবসায়ী হিসেবে মি. X কুমিল্লায় বেশ পরিচিত। তার সততা, ব্যাংকের সাথে লেনদেন, সচ্ছলতা ও সুনামের কারণে একটি ব্যাংক তার আবেদনের প্রেক্ষিতে বড় অঙ্কের অর্থ নিশ্চিন্তে ঋণ মঞ্জুর করে। অথচ মি. Y তার সদ্য প্রতিষ্ঠিত ব্যবসায়ের জন্য ব্যাংকে ঋণ আবেদন করে। এক্ষেত্রে মি. Z আরেকজন ব্যবসায়ী গ্যারান্টর হয়, কিন্তু উক্ত ব্যাংক মি. Y-এর দোকান ঘর জামানত হিসেবে রাখতে চায়।

ক. প্রত্যয়পত্র কী? ১

খ. ঋণ সুবিধা সম্বলিত ইলেকট্রনিক কার্ড বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. মি. X-কে উদ্দীপকের ব্যাংকটি কোন ধরনের জামানতের বিপক্ষে ঋণ দিয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. Y-এর ক্ষেত্রে ব্যাংক যে ধরনের জামানত চাচ্ছে তার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৫.▶ মামুন সাহেব বাংলাদেশে ৩ কেজি গম কিনতে ৭৮ টাকা খরচ করেন। ঠিক একই মানের ৩ কেজি গম কিনতে যুক্তরাষ্ট্রে তার প্রবাসী ভাই খরচ করেন ১ ডলার। এক্ষেত্রে টাকা ও ডলারের বিনিময় হার ৭৮ : ১। অপরদিকে নিচের চিত্রের মাধ্যমেও বিনিময় হার নির্ধারণ দেখানো যায়।

চিত্র : বৈদেশিক মুদ্রার চাহিদা ও যোগান

ক. ফোরফেটিং কী? ১

খ. রেমিটেন্স বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের চিত্রে বিনিময় হার নির্ধারণের কোন পদ্ধতি ব্যবহৃত হচ্ছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বৈদেশিক মুদ্রার বিনিময় হার নির্ধারণের ক্ষেত্রে উদ্দীপকে বর্ণিত পদ্ধতিগুলোর মধ্যে কোনটি বেশি কার্যকর বলে তুমি মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬. ▶ জনাব রাশেদ সুরমা ব্যাংকের একজন গ্রাহক। ব্যাংকের যেকোনো শাখা থেকে তিনি উক্ত ব্যাংকের সুবিধা গ্রহণ করতে পারেন। আবার ব্যাংক হিসাবের বিপরীত কোনো সুদ না পেলেও জমাতিরিক্ত ঋণের সুবিধা পান। বর্তমানে তিনি লেনদেনের সর্বশেষ পরিস্থিতি জানা, নগদ অর্থ জমাদান, অন্যের হিসাবে অর্থ স্থানান্তর, বিল প্রদান ইত্যাদি সুবিধাসহ ব্যাংক হিসাবের ওপর সুদ পেতে চান।

ক. ই-ব্যাংকিং কী? ১

খ. বিক্রয় সেবা বিন্দু বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব রাশেদ বর্তমানে কোন ব্যাংক হিসাবের আওতায় রয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রাশেদের ইচ্ছা বাস্তবায়নে কোন ধরনের ব্যাংক হিসাব উপযুক্ত? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

খ বিভাগ: বিমা

৭. ▶ মিস তাসলিমা তার ব্যক্তিগত গাড়ির জন্য ত্রিশ লক্ষ টাকার বিমা করেন। দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। মিস তাসলিমা বিমা দাবি পেশ করার কিছুদিনের মধ্যে বিমা প্রতিষ্ঠানটি দাবিকৃত ক্ষতিপূরণ প্রদান করে। এদিকে ক্ষতিগ্রস্ত গাড়িটি কুমিল্লার একজন ব্যবসায়ী বিশ হাজার টাকায় কিনেন। গাড়ি বিক্রয় থেকে প্রাপ্ত অর্থ মিস তাসলিমা দাবি করলে বিমা প্রতিষ্ঠানটি উক্ত টাকা দিতে অস্বীকৃতি জানায়।

ক. বিমাযোগ্য স্বার্থ কী? ১

খ. নিয়ন্ত্রণ অযোগ্য ঝুঁকি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের মিস তাসলিমা কোন নীতির আওতায় বিমা প্রতিষ্ঠানের কাছ থেকে অর্থলাভ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিমা প্রতিষ্ঠান কর্তৃক মিস তাসলিমার সর্বশেষ দাবি পূরণ না করার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৮.▶ একটি জাহাজ ২০ এপ্রিল বন্দর ছেড়ে যাবে বলে নৌ বিমার চুক্তিপত্রে উল্লেখ ছিল। কিন্তু জাহাজ যাত্রা শুরু করে ২২ এপ্রিল। জাহাজের ক্যাপ্টেন ইচ্ছামতো যাত্রাপথ পরিবর্তন করে। এক সময় সমুদ্রের গভীরে নিমজ্জিত একটি পাহাড়ে ধাক্কা লেগে জাহাজটি ক্ষতিগ্রস্ত হয়। পরবর্তীতে বিমা কোম্পানির নিকট ক্ষতিপূরণের দাবি পেশ করলে বিমা কোম্পানি তা বাতিল করে দেয়।

ক. দায় বিমা কাকে বলে? ১

খ. পণ্য নিক্ষেপণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের জাহাজটিকে কোন নৌ বিপদ মোকাবিলা করতে হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বিমা কোম্পানি কর্তৃক বিমা দাবি বাতিলের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৯.▶ জনাব X এবং জনাব Y দুইজন সরকারি চাকরিজীবী। জনাব X দুই বছরের জন্য জাতিসংঘ মিশনে সোমালিয়া যান। তিনি তার সন্তানদের ভবিষ্যতের কথা বিবেচনা করে দুই বছরের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন। যেখানে তিনি মারা গেলেই কেবল তার সন্তানেরা বিমা দাবি পাবেন। অপরদিকে জনাব Y বার্ষিক ২৫,০০০ টাকা বিমা কিস্তিতে ১০ বছরের জন্য তিন লক্ষ টাকায় একটি বিমাপত্র গ্রহণ করেন, যেখানে তিনি মারা না গেলেও নির্দিষ্ট সময় শেষে বিমা দাবি পাবেন।

ক. মৃত্যুহার পঞ্জি কাকে বলে? ১

খ. পুনর্বিমা বলতে কী বোঝায়? ২

গ. জনাব X-এর গৃহীত বিমাপত্রটি কোন ধরনের বিমাপত্র? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব X এবং জনাব Y গৃহীত দুটি বিমাপত্রের মধ্যে কোনটি বেশি লাভজনক বলে তুমি মনে করো? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সময়− ৪০ মিনিট　　　　পূর্ণমান− ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. কোনটি আঞ্চলিক ব্যাংক?
ক) ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক (IDB)
খ) এশিয়া উন্নয়ন ব্যাংক (ADB)
গ) বিশ্বব্যাংক (WB)
ঘ) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (RAKUB)

২. ব্যাংক নোট প্রচলন করে কে?
ক) অর্থ মন্ত্রণালয়　খ) কেন্দ্রীয় ব্যাংক
গ) বাণিজ্যিক ব্যাংক　ঘ) সরকার

৩. বিশেষায়িত ব্যাংক হলো−
i. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
ii. এ বি ব্যাংক
iii. বাংলাদেশ কৃষি ব্যাংক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।
মি. ফয়সাল, যথেষ্ট পরিমাণ অগ্নিনির্বাপণ ব্যবস্থা রয়েছে, এ মর্মে উল্লেখ করে তার পাটের গুদাম বিমা করেছিলেন। পরবর্তীতে অগ্নিকাণ্ড সংঘটিত হবার পর বিমা কোম্পানি তদন্ত করে জানতে পারল অগ্নিনির্বাপণ ব্যবস্থা যথেষ্ট পরিমাণে ছিল না। এ কারণে তারা চুক্তিটি বাতিল করল।

৪. মি. ফয়সাল কোন ধরনের বিমা করেছেন?
ক) দায়　খ) দুর্ঘটনা
গ) সম্পত্তি　ঘ) পণ্য দায়

৫. উদ্দীপকে উল্লিখিত বিমা কোম্পানি নিচের কোন নীতি ভঙ্গের কারণে বিমা চুক্তি বাতিল করেছে?
ক) বিমাযোগ্য স্বার্থ　খ) সদ্বিশ্বাস
গ) প্রত্যক্ষ কারণ　ঘ) নির্দিষ্ট

৬. অগ্নিবিমা বিমাগ্রহীতাকে কী সহায়তা দেয়?
ক) সম্পদকে অগ্নি থেকে রক্ষা করে
খ) অগ্নি থেকে রক্ষায় গ্রাহকদের সচেতন করে
গ) আর্থিক ক্ষতিপূরণের ব্যবস্থা করে
ঘ) সম্পদ পুনরায় প্রতিস্থাপন করে দেয়

৭. বাংলাদেশের বাজারে একটি পণ্যের মূল্য ৮০ টাকা। যুক্তরাষ্ট্রের বাজারে ঐ পণ্যের মূল্য ১ ডলার। ক্রয়ক্ষমতা সমতা তত্ত্ব অনুযায়ী টাকা ও ডলারের বিনিময় হার হওয়া উচিত কোনটি?
ক) ১ ডলার = ৮০ টাকা　খ) ৮০ ডলার = ১ টাকা
গ) ১ ডলার = .০১২৫ টাকা
ঘ) ১ ডলার = ৮১ টাকা

৮. জাহিদ তার আমানতের বিপরীতে উপার্জন প্রত্যাশা করেন। কিন্তু তাকে প্রতি মাসে একাধিকবার অর্থ উত্তোলন করতে হয়। তার জন্য কোন হিসাব উপযুক্ত?
ক) সঞ্চয়ী হিসাব　খ) স্থায়ী হিসাব
গ) চলতি হিসাব　ঘ) ঋণ হিসাব

৯. বাংলাদেশ ব্যাংকের প্রধান নির্বাহী কে?
ক) মহাব্যবস্থাপক　খ) ব্যবস্থাপক, প্রশাসন
গ) সি. ই. ও　ঘ) গভর্নর

১০. নিচের কোনটি সরকারি বাণিজ্যিক ব্যাংক?
ক) উত্তরা ব্যাংক　খ) জনতা ব্যাংক
গ) পূবালী ব্যাংক　ঘ) ন্যাশনাল ব্যাংক

১১. ব্যাংক হিসাব খুলতে সাধারণত পরিচয়দানকারী হয়ে থাকেন কে?
ক) আবেদনকারীর পিতা বা মাতা
খ) ইউনিয়ন বা পৌরসভার চেয়ারম্যান
গ) ব্যাংকের বিদ্যমান কোনো হিসাবধারী
ঘ) ব্যাংকের ম্যানেজার

১২. বিমাকৃত বিষয়বস্তুতে বিমাগ্রহীতার আর্থিক স্বার্থকে কী বলে?
ক) বিমা স্বার্থ　খ) আইনগত স্বার্থ
গ) বিমাযোগ্য স্বার্থ　ঘ) মুনাফা অর্জনের স্বার্থ

১৩. কোন ধরনের জীবন বিমাপত্রে মৃত্যু ও মেয়াদপূর্তি উভয়ক্ষেত্রেই বিমা দাবি পরিশোধিত হয়?
ক) সাময়িক　খ) মেয়াদি
গ) আজীবন　ঘ) বিশুদ্ধ মেয়াদি

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।
Future Bank Ltd. একটি বৃহদায়তন রিয়েল এস্টেট ফার্মে বিপুল পরিমাণ ঋণদান করে। ফলে ব্যাংকের ঝুঁকি অত্যধিক বৃদ্ধি পায়। এ অবস্থা থেকে রেহাই পাওয়ার জন্য ব্যাংকটি যথাসাধ্য চেষ্টা চালাচ্ছে।

১৪. ব্যাংকটির এ ধরনের ঋণদান কোন নীতির পরিপন্থী?
ক) নিরাপত্তা　খ) মুনাফা
গ) বৈচিত্র্যায়ন　ঘ) তারল্য

১৫. এ ধরনের ঝুঁকি হ্রাস করার জন্য ব্যাংকটি কী করতে পারে?
ক) নতুন করে একই ফার্মে ঋণ দিবে
খ) রিয়েল এস্টেট ব্যবসায়ে নিয়োজিত অন্য ফার্মে ঋণ দিবে
গ) আমানত সংগ্রহ প্রচেষ্টা আরো গতিশীল করবে
ঘ) রিয়েল এস্টেট ব্যতীত অন্য ব্যবসায়ে নিয়োজিত ফার্মে ঋণদান বৃদ্ধি করবে

১৬. বাংলাদেশ ব্যাংক নির্দেশ দিয়েছে তালিকাভুক্ত ব্যাংকগুলোকে তাদের প্রদত্ত ঋণের ৫% অবশ্যই কৃষি খাতে বরাদ্দ করতে হবে। এটি কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের কোন নীতির মধ্যে পড়বে?
ক) ব্যাংক হার　খ) ঋণের বরাদ্দকরণ
গ) জামানতি ঋণের প্রান্তিক হার
ঘ) খোলাবাজার

উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।
এ বি শিপিং কর্পোরেশন একটি নৌ পরিবহন কোম্পানি। তারা একটি জাহাজ 'নির্ভয়' বিমা কোম্পানির সাথে বিমা করে। একটি দুর্ঘটনায় বিমাকৃত জাহাজটি ডুবে যায়। বিমা কোম্পানি এর সম্পূর্ণ ক্ষতি পূরণ করে। পরবর্তীতে জাহাজটি উদ্ধার হলে এর ভগ্নাবশেষ মূল্যের মালিকানা নিয়ে বিপত্তি দেখা দেয়।

১৭. উদ্দীপকে উল্লিখিত জাহাজের ক্ষতি কোন ধরনের?
ক) প্রকৃত সামগ্রিক
খ) জাহাজের বিশেষ আংশিক
গ) উদ্ধারযোগ্য সামগ্রিক
ঘ) পণ্যের বিশেষ আংশিক

১৮. উদ্দীপকে উল্লিখিত বিমা দাবি নিরূপণে বিমার কোন নীতি কার্যকর হবে?
ক) আনুপাতিক অংশগ্রহণ　খ) চূড়ান্ত সদ্বিশ্বাস
গ) স্থলাভিষিক্তকরণ　ঘ) বিমাযোগ্য স্বার্থ

১৯. পুনর্বিমার ক্ষেত্রে বিমাগ্রহীতা কে?
ক) প্রথম বিমা কোম্পানি　খ) দ্বিতীয় বিমা কোম্পানি
গ) জাহাজ মালিক
ঘ) বিমাকৃত বিষয়বস্তুর প্রকৃত মালিক

২০. বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কোনটি?
ক) বিল বাট্টাকরণ　খ) শেয়ার অবলেখন
গ) বিনিয়োগের উপর আয়　ঘ) ঋণের সুদ

২১. বর্তমানে বাংলাদেশে প্রচলিত বিমা আইন কত সালের?
ক) ১৯৩৮ খ) ১৯৯১
গ) ১৯৯৩ ঘ) ২০১০

২২. নিচের কোনটি নিশ্চয়তার চুক্তি?
ক) নৌ বিমা খ) জীবন বিমা
গ) অগ্নিবিমা ঘ) গবাদিপশু বিমা

২৩. কেন্দ্রীয় ব্যাংকের সাথে বাণিজ্যিক ব্যাংকের নিচের কোন কাজে মিল রয়েছে?
ক) আমানত সংগ্রহ খ) ঋণদান
গ) ঋণ আমানত সৃষ্টি ঘ) অবলেখন

উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।
কপোতাক্ষ ব্যাংক একটি সদ্য প্রতিষ্ঠিত ব্যাংক। এ ব্যাংকের আমানত সংগ্রহ, ঋণদানসহ সর্বত্রই প্রবৃদ্ধি অর্জিত হচ্ছে। তবে প্রতিযোগিতায় টিকে থাকতে পরিচালনার ক্ষেত্রে ব্যাংকটিকে আরো দূরদর্শী হতে হবে।

২৪. কপোতাক্ষ ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?
ক) চেইন খ) গ্রুপ
গ) বাণিজ্যিক ঘ) মিশ্র

২৫. কপোতাক্ষ ব্যাংকের দীর্ঘমেয়াদে ভালো করার জন্য পরামর্শ হলো–
i. আমানত সংগ্রহের সামর্থ্য বৃদ্ধি
ii. ঋণদানের নতুন ক্ষেত্র সৃষ্টি
iii. গ্রাহক সন্তুষ্টি নিশ্চিতকরণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. একজন চাকরিজীবী সঞ্চয়ী হিসাব খোলেন কেন?
ক) ব্যাংক চার্জ কর্তন করা হয় না বলে
খ) স্বল্পহারে সুদ পাওয়া যায় বলে
গ) দিনে যতবার খুশি টাকা উত্তোলনের জন্য
ঘ) জমাতিরিক্ত ঋণ পাওয়ার জন্য

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব রাকিব ২৫ লক্ষ টাকায় একটি গাড়ি কিনে উক্ত মূল্যেই তা বিমা করেন। অগ্নিকাণ্ডের কারণে গাড়ির কিছু অংশ পুরো বিনষ্ট হয়ে যায়। সেখানে ক্ষতির পরিমাণ নির্ধারণ করা হয় ১০ লক্ষ টাকা।

২৭. জনাব রাকিব কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন?
ক) নির্দিষ্ট খ) মূল্যায়িত
গ) ভাসমান ঘ) গড়পড়তা

২৮. উদ্দীপকে জনাব রাকিব কত লক্ষ টাকা ক্ষতিপূরণ পাবেন?
ক) ১০ খ) ১৫ গ) ২৫ ঘ) ৩৫

২৯. কোন ধরনের চেকের জন্য নিকাশ ঘর ব্যবস্থার সহায়তা বিশেষভাবে প্রয়োজন?
ক) বাহক খ) হুকুম
গ) ভ্রমণকারীর ঘ) দাগকাটা

৩০. প্রত্যয়পত্র ইস্যু করে কে?
ক) আমদানিকারক খ) রপ্তানিকারক
গ) ব্যাংক ঘ) প্রতিনিধি

৩১. কোন ধরনের চেকের হস্তান্তরে অনুমোদন আবশ্যক নয়?
ক) বাহক খ) হুকুম
গ) দাগকাটা ঘ) ফাঁকা

৩২. প্রস্তুত তারিখের কত মাস পর কোনো চেক বাসি চেক বলে পরিগণিত হয়?
ক) ৩ খ) ৪ গ) ৫ ঘ) ৬

৩৩. গ্রাহক সেবায় ব্যবহৃত আধুনিক লেনদেন যন্ত্রগুলো–
i. ডেবিট কার্ড ii. এটিএম
iii. বিক্রয়সেবা বিন্দু বা পিওএস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব শাহরিয়ার ও তার কয়েকজন বন্ধু মিলে বান্দরবান বেড়াতে যান। ভ্রমণ সংক্রান্ত যাবতীয় খরচ তিনি ইলেকট্রনিক ব্যাংকিং কার্ডের মাধ্যমে পরিশোধ করেন। টাকা শেষ হয়ে যাওয়ায় তিনি তার বাবাকে মোবাইল অ্যাকাউন্টের মাধ্যমে টাকা পাঠাতে অনুরোধ করেন। টাকা জমা হবার পর তা উত্তোলন করেন এবং ২ দিন পর বেড়ানো শেষে ঢাকায় ফেরত আসেন।

৩৪. জনাব শাহরিয়ার নিচের কোন মাধ্যম হতে টাকা উত্তোলন করেছিলেন?
ক) টেলি ব্যাংকিং খ) এটিএম
গ) এস এম এস ব্যাংকিং ঘ) ইন্টারনেট ব্যাংকিং

৩৫. জনাব শাহরিয়ারের ভ্রমণ সফল হয়েছিল –
i. অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে
ii. এটিএম-এর কল্যাণে
iii. মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৬. কোনটি ব্যাংকের নিজস্ব তহবিলের উৎস নয়?
ক) আমানত খ) সাধারণ সঞ্চিতি
গ) বিধিবদ্ধ সঞ্চিতি ঘ) পরিশোধিত মূলধন

৩৭. বাংলাদেশ প্রতিবছর প্রচুর জ্বালানি তেল আমদানি করে। হঠাৎ করে একটি তেল ক্ষেত্র আবিষ্কৃত হওয়ায় তেলের আমদানি হ্রাস পায়। অন্য সকল বিষয় অপরিবর্তিত থাকলে কোনটি ঘটবে?
i. বৈদেশিক মুদ্রার মূল্য দেশি মুদ্রার বিপরীতে বৃদ্ধি পাবে
ii. বৈদেশিক মুদ্রার চাহিদা হ্রাস পাবে
iii. বৈদেশিক মুদ্রার যোগান হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৮. 'সোনার বাংলা' প্রতিষ্ঠানের মালিক বারবার বিমাপত্র খোলার বদলে তার নতুন জাহাজগুলোর সাথে গড়পরতা হারে পুরনো জাহাজগুলোর বিমাও একত্রে করেন। তিনি যে বিমাপত্র গ্রহণ করেন সেটি হলো–
ক) ছাউনি খ) বহু জাহাজি
গ) নামিক ঘ) বন্দর ঝুঁকি

৩৯. কোন ব্যাংককে কেন্দ্র করে দেশের মুদ্রা ও ব্যাংক ব্যবস্থা পরিচালিত হয়?
ক) বাণিজ্যিক ব্যাংক খ) বিশেষায়িত ব্যাংক
গ) কেন্দ্রীয় ব্যাংক ঘ) গ্রামীণ ব্যাংক

৪০. চাহিবামাত্র আমানতকারীদের অর্থ ফেরত দেয়ার জন্য বাণিজ্যিক ব্যাংক কোন নীতি অনুসরণ করে?
ক) নিরাপত্তা খ) তারল্য
গ) সচ্ছলতা ঘ) গোপনীয়তা

১	[illegible]	২	[illegible]	৩	[illegible]	৪	[illegible]	৫	[illegible]	৬	[illegible]	৭	ক	৮	ক	৯	[illegible]	১০	[illegible]	১১	[illegible]	১২	[illegible]	১৩	[illegible]	১৪	ক	১৫	[illegible]	১৬	[illegible]	১৭	[illegible]	১৮	[illegible]	১৯	ক	২০	[illegible]
২১	[illegible]	২২	[illegible]	২৩	[illegible]	২৪	[illegible]	২৫	[illegible]	২৬	[illegible]	২৭	[illegible]	২৮	ক	২৯	[illegible]	৩০	[illegible]	৩১	ক	৩২	[illegible]	৩৩	[illegible]	৩৪	ক	৩৫	[illegible]	৩৬	ক	৩৭	[illegible]	৩৮	[illegible]	৩৯	ক	৪০	[illegible]